

তারিখঃ ...../...../২০২৫ইং

মাননীয় .....

প্রধান শিক্ষক,

.....

বিষয়: **SQSF** কাউন্সেলিং সেন্টার এন্ড স্মার্ট লাইব্রেরীর পক্ষ থেকে বিদ্যালয়ে ফ্রি কাউন্সেলিং প্রোগ্রাম বাস্তবায়নের আবেদন।

মাননীয় প্রধান শিক্ষক,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

বর্তমানে আমাদের তরুণ প্রজন্ম নানা সামাজিক ও মানসিক সংকটে ভুগছে। অবাধ্যতা, প্রযুক্তির অপব্যবহার, নৈতিক অবক্ষয়, মাদকাসক্তি এমনকি আত্মহত্যার মতো বিপর্যয়কর সিদ্ধান্তে অনেক শিক্ষার্থী জড়িয়ে পড়ছে। এ প্রেক্ষাপটে শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা, মানসিক স্থিতিশীলতা ও আত্মশক্তি তৈরি করা সময়ের চরম দাবি।

এই প্রেক্ষাপটে **SQSF** কাউন্সেলিং সেন্টার এন্ড স্মার্ট লাইব্রেরী একটি সমাজসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে বিদ্যালয়ে ফ্রি কাউন্সেলিং প্রোগ্রাম বাস্তবায়নের আগ্রহ প্রকাশ করছে।

আমাদের অভিজ্ঞ প্রশিক্ষক ও বিশেষজ্ঞরা শিক্ষার্থীদের মাঝে—

- নৈতিক শিক্ষা ও মানবিক মূল্যবোধ
- আত্মবিশ্বাস ও নিজস্ব লক্ষ্য নির্ধারণ
- মাদক ও আত্মহত্যা বিরোধী সচেতনতা
- পিতা-মাতা ও শিক্ষকদের প্রতি দায়িত্ববোধ
- পর্ন ও প্রযুক্তি আসক্তির ক্ষতি ও প্রতিকার

—এমন গুরুত্বপূর্ণ বিষয়ে নিয়মিত ও বাস্তবসম্মত কাউন্সেলিং করবেন ইনশাআল্লাহ।

**আমাদের উদ্দেশ্য:**

আপনার সম্মানিত বিদ্যালয়ের শিক্ষার্থীরা যেন সুস্থ, সচেতন, দায়িত্ববান ও আলোকিত নাগরিক হিসেবে গড়ে ওঠে।

আমরা অনুরোধ করছি, আপনি আমাদের এই মহৎ কর্মসূচিকে অনুমোদন ও সহায়তা দিয়ে শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

**সময়সূচীঃ** আলোচনা সাপেক্ষে যে কোন দিন ৪০ মিনিট ১ঘন্টা।

**শেষ কথা:**

এই কর্মসূচি সম্পূর্ণ ফ্রি এবং স্কুলের পরিবেশ অনুযায়ী নমনীয় সময় ও কাঠামোতে বাস্তবায়ন করা হবে। আমাদের টিম বিদ্যালয়ে এসে আপনার পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবে ইনশাআল্লাহ।

আশা করি, আপনি এ বিষয়ে ইতিবাচক সাড়া দিয়ে একটি সুশৃঙ্খল ও নৈতিক শিক্ষাব্যবস্থা গঠনে আমাদের পাশে থাকবেন।

ইতি,

মুফতি মোঃ আরিফুল ইসলাম।

প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও প্রধান কাউন্সিলর,

**SQSF** কাউন্সেলিং সেন্টার এন্ড স্মার্ট লাইব্রেরী

যোগাযোগ: ২৬, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা। শেওড়াপাড়া হাতিল সংলগ্ন।

০১৭৬৪ ৪৪৪ ৭৩১ **Sqsf.org**